

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ৩১ মে, ২০২০ খ্রিস্টাব্দ।

প্রতি	:	নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী (সংশোধিত)
হতে	:	উপ নির্বাহী পরিচালক
বিষয়:	:	সংস্থার সকল কর্মীকে বাধ্যতামূলক মাস্ক পরা এবং পিও কর্মীদের নিজস্ব ফ্লাক্সে করে আদা মিশ্রিত গরম পানি ব্যবহার করা প্রসঙ্গে।


প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে চীনের একজন অভিজ্ঞ চিকিৎসকের মতে, মানুষ যখন কথা বলে ইঁচি দেয় তখন তার নাক/মুখ থেকে জীবগুরুত্ব ড্রপলেট (**Droplet**) নিস্ত হয় যা অন্যজনের নাক-মুখের মাধ্যমে শরীরে সহজেই ঢুকে যায়। এ জন্য তিনি সবসময় মুখে মাস্ক ব্যবহার করার পরামর্শ দিয়েছেন। শুধু তাই নয়, এশিয়া এবং ইউরোপের অনেক দেশের সরকার আইন করে মাস্ক পরার বিষয়টি বাধ্যতামূলক করেছেন এবং মাস্ক না পরলে আর্থিক জরিমানার বিষয়টিও রেখেছেন। তাই এ সংক্রান্ত নির্দেশনাগুলো নিম্নে আপনাদের ব্রাবরে উপস্থাপন করা হলো:

১. মাঠে বা বাজারে বা অন্য ঘেকোন দরকারে বাইরে যাওয়ার সময়ও সকলকে বাধ্যতামূলক মাস্ক পরতে হবে। অন্য সময় আপনাকে মাস্ক ব্যবহার করার দরকার নেই। তবে আপনার বাসায় যদি কেউ কোয়ারেন্টাইনে বা করোনা আক্রান্ত রোগী থাকেন তাহলে আপনি এবং আপনার পরিবারের অন্যান্য সদস্যদেরকেও মাস্ক পরতে হবে।
২. আপনি দুটো মাস্ক রাখুন। একটি একদিন ব্যবহার করে ধূয়ে কড়া রোদে শুকাতে দিন এবং অন্যটি পরে থাকুন। এভাবে একদিন একটি ধূয়ে দিন অন্যটি পরুন।
৩. কেন্দ্রীয় কার্যালয়ের কর্মীগণ যখন ডেক্সে থাকবেন তখন আপনি আদা মিশ্রিত গরম পানি ভর্তি করে ফ্লাস্ক রাখুন এবং এ আদা মিশ্রিত পানি কতক্ষণ পরে পরে পান করুন।
৪. মাঠে, বাজারে বা বাইরে যাওয়ার সময় আপনি ফুলহাতা শাট, সানগ্লাস, হ্যান্ড গ্লাভস ও ক্যাপ পরুন।
৫. উপরোক্ত নির্দেশনাগুলো সংস্থার কর্মী হিসেবে পালন না করলে তিনি বা তারা **Mis-Conduct** এর আওতায় পড়বেন এবং তার বা তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তার জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ককেও প্রশাসনিক ব্যবস্থার আওতায় আনা হবে।
৬. প্রত্যেক অফিস প্রধান তার কর্মীদের এ নির্দেশনাসমূহ সভা করে জানানো নিশ্চিত করবেন এবং তারা যেন তা পালন করেন তাও নিশ্চিত করবেন।
৭. এ সার্কুলারটি অন্তিমিলমে কার্যকর হবে এবং এ বিষয়ে আরও জানার থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভোঁমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি